

দৈনিক জনকণ্ঠ

ঢাকা ॥ বৃহস্পতিবার
২১ ফাল্গুন ১৪২৬ বঙ্গাব্দ
৫ মার্চ ২০২০ খ্রিস্টাব্দ

স্টাফ রিপোর্টার, গাজীপুর ॥
গাজীপুরে বারি'র মুখ্য বৈজ্ঞানিক কর্মকর্তা কৃষিবিদকে কুপিয়েছে ছিনতাইকারীরা। তারা ওই কর্মকর্তার কাছ থেকে টাকা ও মোবাইল-মালামাল ছিনিয়ে নেয়। বুধবার গাজীপুর মেট্রোপলিটন পুলিশ কমিশনার কার্যালয়ের পাশে চান্দনা এলাকায় এ ঘটনা ঘটে। আহতের নাম ড. মোঃ নজরুল ইসলাম। তিনি বাংলাদেশ কৃষি গবেষণা ইনস্টিটিউটের (বারি) চাঁপাইনবাবগঞ্জের আঞ্চলিক উদ্যান

ছিনতাইকারীর কোপে কৃষিবিদ আহত

গবেষণা কেন্দ্রের মুখ্য বৈজ্ঞানিক কর্মকর্তা। আহতের স্ত্রী শহীনা ও এলাকাবাসী জানান, চাঁপাইনবাবগঞ্জের নিজ কর্মস্থল থেকে ট্রেনযোগে গাজীপুরের বাসায় ফিরছিলেন কৃষিবিদ ড. মোঃ নজরুল ইসলাম। বুধবার ভোরে জয়দেবপুর রেলওয়ে জংশন থেকে বাসযোগে বাসার কাছে জয়দেবপুর-ঢাকা

সড়কের চান্দনা এলাকার পদ্মা রোডে নামেন। এ সময় মোটরসাইকেল আরোহী দু'ছিনতাইকারী এসে তার পথরোধ করে এবং চাপাতি দিয়ে বাম পায়ে কোপ দেয়। এতে নজরুল আহত হয়ে মাটিতে পড়ে যান। পরে ছিনতাইকারীরা তার কাছ থেকে টাকা, মোবাইল ফোন ও হেয়ার এইডসহ বিভিন্ন মাল ছিনিয়ে নিয়ে পালিয়ে যায়। চিৎকার শুনে এলাকাবাসী এগিয়ে আহতকে উদ্ধার করে শহীদ তাজউদ্দীন আহমদ মেডিক্যাল কলেজ হাসপাতালে নিয়ে যায়।

কালের বর্ষ

বৃহস্পতিবার। ২১ ফাল্গুন ১৪২৬। ৫ মার্চ ২০২০

গাজীপুরে বারির কর্মকর্তাকে কুপিয়ে ছিনতাই

নিজস্ব প্রতিবেদক, গাজীপুর >
গাজীপুরে বাংলাদেশ কৃষি
গবেষণা ইনস্টিটিউটের
(বারি) এক কর্মকর্তাকে
কুপিয়ে নগদ টাকা ও
মোবাইল ফোনসেট ছিনতাই
করে নিয়ে গেছে দুর্বৃত্তরা।
গতকাল বুধবার ভোরে
গাজীপুর মেট্রোপলিটন পুলিশ
হেড কোয়ার্টারের কাছে
চান্দনা এলাকায় এ ঘটনা
ঘটে। আহত ড. মো.
নজরুল ইসলাম (৫২) বারির
চাঁপাইনবাবগঞ্জ আঞ্চলিক
উদ্যান গবেষণাকেন্দ্রের মুখ্য
বৈজ্ঞানিক কর্মকর্তা।
পুলিশ জানায়, গতকাল
ভোরে চান্দনার মোল্লা
আবাসিক এলাকার পদ্মা
সড়কে বাস থেকে নামেন
নজরুল ইসলাম। সঙ্গে সঙ্গেই
মোটরসাইকেল আরোহী দুই
ছিনতাইকারী তাঁর পথরোধ
করে এবং চাপাতি দিয়ে বাঁ
পায়ে কোপ দেয়। এতে তিনি
মাটিতে পড়ে যান। এ সময়
ছিনতাইকারীরা তাঁর কাছ
থেকে সাড়ে ছয় হাজার
টাকা, একটি মোবাইল
ফোনসেট এবং অন্যান্য
মালামাল ছিনিয়ে নিয়ে
পালিয়ে যায়।

